**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 01-03-2026** **Desk in Charge :**
**Time : 1-30 P.M.** **Compiling : PPM/ Chandrachur S.**
**DEO: KB** **NRT : Chandrachur S.**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

## বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তামিলনাড়ু ও পুদুচেরিতে ৭ হাজার একশো কোটি টাকা মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করছেন।

২) ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লা আলি খামেনেই-এর মৃত্যুর পর বিমান হানায় ইরানের সেনা প্রধান ও প্রতিরক্ষা মন্ত্রী নিহত হয়েছেন বলে সেদেশের সরকারি সংবাদসংস্থা জানিয়েছে ।

# আমেরিকা ও ইজরায়েলের সেনাবাহিনীর যৌথ অভিযানে নিহত আয়াতুল্লা আলি খামেনেইর মৃত্যুর পর শোক জ্ঞাপন করতে গতকাল তেহেরান, ইস্পাহান এবং মাসাদে কয়েক লক্ষ মানুষ একত্রিত হন।

৩) মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প তেহেরানকে সতর্ক করে দিয়ে বলেছেন, আমেরিকা তাদের ওপর আরো বড় ধরণের হামলা চালাবে।

৪) পশ্চিম এশিয়ার বিভিন্ন দেশের ভারতীয় দূতাবাসগুলি, প্রবাসীদের অন্য দূতাবাসগুলির পরামর্শ মেনে চলার জন্য বলেছে।

৫) শ্রীলঙ্কার বিরুদ্ধে জয় পেলেও পাকিস্তান টি টোয়েন্টি ক্রিকেট বিশ্বকাপ থেকে ছিটকে গেছে। সুপার এইটের গুরুত্বপূর্ণ ম্যাচে ইডেন গার্ডেন্সে ভারত আজ ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ তামিলনাড়ু ও পুদুচেরিতে ৭ হাজার ১০০ কোটি টাকা মূল্যের বিভিন্ন  প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করছেন। গতকাল তিনি রাজস্থান ও গুজরাট সফরের পর চেন্নাই পৌঁছন। পুদুচেরি সফরকালে প্রধানমন্ত্রী ১৯ টি প্রকল্পের সূচনা করবেন, যার মোট আর্থিক মূল্য এক হাজার ১৪২ কোটি টাকারও বেশি। প্রধানমন্ত্রী বলেন, এই প্রকল্পগুলির মাধ্যমে পরিকাঠামো, শহরের পরিষেবা, শিল্পোন্নয়ন, শিক্ষা ও স্বাস্থ্য কেন্দ্রে উন্নতি সম্ভব হবে।

( বাইট- পি এম পুদুচেরী)

পুদুচেরিতে তাঁর একটি জনসভাতেও ভাষণ দেওয়ার কথা। প্রধানমন্ত্রী আজ সেখানে ই-বাস সেবা উদ্যোগ, স্মার্ট সিটি মিশনের সুসংহত নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়াদের জন্য আবাসন, নিকাশি ও পানীয় জল সরবরাহ সংক্রান্ত একাধিক প্রকল্পের উদ্বোধন করবেন। আজ তাঁর ৭৫০ একর জায়গার ওপর গড়ে ওঠা কারাসুর-সেদারাপেট ইন্ডাস্ট্রিয়াল এস্টেট উদ্বোধন করার কথা। এছাড়াও তাঁর কাড়াইকালের এনআইটি, জিপমার এবং পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়ে বেশ কিছু পরিকাঠামো প্রকল্পের উদ্বোধনের কর্মসূচী রয়েছে। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অন্তর্গত একাধিক প্রকল্পের উদ্বোধনের পর প্রধানমন্ত্রী ঋষি অরবিন্দ ১৫০ তম জন্ম বার্ষিকী উপলক্ষে পুদুচেরিতে একটি অনুষ্ঠানে যোগ দেবেন।

**************************

ইরানের সেনা প্রধান ও প্রতিরক্ষা মন্ত্রী বিমান হানায় নিহত । ইরানের সরকারি টিভি চ্যানেল জানিয়েছে, নিরাপত্তা পরিষদের বৈঠক চলাকালীন এক বিমান হানায় জেনারেল আব্দুল রহিম মৌসাদি এবং প্রতিরক্ষা মন্ত্রী জেনারেল আজিজ নাসিরজাবে নিহত হন । এর পাশাপাশি নিহত হয়েছেন, ইরানের পার্লামেন্টারি রেভলিউশনারি গার্ড এবং নিরাপত্তা উপদেষ্টা আলী শামখানি । ইরানের সরকারি সংবাদ সংস্থা আজ এদের মৃত্যুর খবর জানিয়েছে।

**************************

আমেরিকা ও ইজরায়েলের সেনাবাহিনীর যৌথ অভিযানে ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লা আলি খামেনেই-এর মৃত্যু হয়েছে বলে সেদেশের সরকারি সংবাদ সংস্থা জানিয়েছে। এর প্রেক্ষিতে ইরানে ৪০ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছে।

এর আগে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প, যৌথ সামরিক অভিযানে খামেনেই-এর মৃত্যু হয়েছে বলে জানিয়েছিলেন।

*************************

মার্কিন-ইজরায়েলের যৌথ অভিযানে গতকাল ইরানের সর্বোচ্চ নেতা আয়াতোল্লা আলি খামেনেই এর মৃত্যুতে শোক জ্ঞাপন করতে তেহেরান,ইসপাহান এবং মাসাদে কয়েক লক্ষ মানুষ জমায়েত হয়েছে।
সেদেশের সরকারী সংবাদ সংস্থা তাঁর মৃত্যুকে দেশের অভিভাবকের শহীদ হওয়া বলে উল্লেখ করা হয়েছে। দেশের সার্বভৌমত্ব রক্ষায় বলিদান বলে জানানো হয়েছে।

*************************

এদিকে চীন, ইরানে মার্কিন-ইজরায়েল যৌথ অভিযান চালানোর পর অবিলম্বে অস্ত্র বিরতির আবেদন জানিয়েছে। চীনে'র বিদেশমন্ত্রক এক বিবৃতিতে ,উভয়পক্ষকে উত্তেজনা প্রশমন করে, আলাপ আলোচনার মাধ্যমে সমস্যা সমাধান করার আবেদন করা হয়েছে। গতকাল প্রকাশিত বিবৃতিতে ইরানের সার্বভৌমত্ব, নিরাপত্তা এবং আঞ্চলিক অখন্ডতাকে সম্মান ও রক্ষা করার কথাও বলা হয়েছে।
চীনের সরকারী সংবাদ মাধ্যম, ওয়াশিংটনের উদ্দেশ্যে এক বার্তায় সেনাবাহিনীর হস্তক্ষেপ, রাষ্ট্রসঙ্ঘের আন্তর্জাতিক সম্পর্কের নিয়ম নীতি লঙ্ঘন করছে বলে জানানো হয়েছে।
ইজরায়েলে চীনের দূতাবাস, সেদেশে বসবাসকারী চীনের নাগরিকদের অবিলম্বে নিরাপদ স্থানে চলে যাওয়ার নির্দেশ দিয়েছে। একই সঙ্গে যত তাড়াতাড়ি সম্ভব ইজরায়েল ছেড়ে মিশরে চলে যাওয়ার পরামর্শ দিয়েছে। চীনের নাগরিকদের ইরান ছেড়ে যাওয়ারও নির্দেশ দেওয়া হয়েছে।

*************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তেহরানকে সতর্ক করে দিয়ে বলেছেন, আমেরিকা তাদের ওপর আরও বড় হামলা চালাবে ।

এর আগে তেহরানে মার্কিন হামলার ফলে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনির হত্যার পরে ইরান জানায় , তারা এর সম্পূর্ণ বদলা নেবে । এরই প্রেক্ষিতে ট্রুথ সোশ্যাল-এ দেওয়া এক বার্তায় ট্রাম্প, ইরানকে নিজেদের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে বলেন কারণ ইরান প্রতি আক্রমণ করলে যুক্তরাষ্ট্র এমন শক্তি দিয়ে পাল্টা আঘাত করবে যা আগে কখনো দেখা যায়নি।

*************************

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতোল্লা খামেইনি-হত্যা, ইরানের মানুষ এবং আমেরিকানদের জন্য সঠিক ন্যায় বিচার।

সমাজমাধ্যম ট্রুথ সোশ্যালে ট্রাম্প বলেছেন, ইরাণের মানুষের নিজের দেশ ফিরে পেতে এটাই একমাত্র সবচেয়ে বড় সুযোগ। ইরান রেভিলিউশনারি গার্ড- IRGC, সেনা এবং অন্য নিরাপত্তা বাহিনী ও পুলিশ- কেউই আর যুদ্ধ করতে চাইছে না বলেও তিনি জানান। IRGC এবং পুলিশ, শান্তিপূর্ণভাবে ইরাণী দেশপ্রেমিকদের সঙ্গে মিলিত হয়ে সেদেশকে আবার মহৎ দেশ হিসেবে গড়ে তুলবে বলে তিনি আশা প্রকাশ করেছেন। ট্রাম্প আরো দাবী করেছেন, শুধুমাত্র খামেইনির মৃত্যু নয়, একদিনে ইরাণের আরো বহু ক্ষতি হয়েছে।

*************************

ইরানের সরকারি সম্প্রচারমাধ্যমে প্রকাশিত ছবিতে , তেহরানের পাল্টা হামলার ফলে তেল আভিভে ইসরায়েলের সরকারি কর্মীদের আবাসন থেকে ধোঁয়া উঠতে দেখা গেছে।

এদিকে ইসরায়েলের এক সংবাদ সংস্থা জানিয়েছে, ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের একাধিক হামলার পরও আবাসিক এলাকায় কোনো ক্ষতি বা সরাসরি আহত হওয়ার কোন খবর নেই ।

সামাজিক মাধ্যম এক্স-এর এক বার্তায় ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী- আইডিএফ জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় ২০ বার ইরানের ক্ষেপণাস্ত্র হামলার হাত থেকে রক্ষা পেতে লক্ষ লক্ষ ইসরায়েলি নাগরিক আশ্রয়কেন্দ্রে ছুটে যাচ্ছে। সেনাবাহিনী জানিয়েছে, এসব হামলার কারণে দেশজুড়ে ঘন ঘন বিমান হামলার সতর্কতামুলক সংকেত বাজছে।

অন্য এক পোস্টে আইডিএফ আরও জানিয়েছে, মধ্য ইসরায়েল জুড়ে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ও নাগরিক সুরক্ষা প্রোটোকল সক্রিয় করা হয়েছে, যাতে সাধারণ মানুষকে আসন্ন হুমকি সম্পর্কে সতর্ক করা যায়।

এদিকে রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ ও মহাসচিব আন্তোনিও গুতেরেসকে লেখা এক চিঠিতে ইরানের বিদেশ মন্ত্রী আব্বাস আরাঘচি বলেছেন, ইরানের বিরুদ্ধে আগ্রাসন সম্পূর্ণ বন্ধ না হওয়া পর্যন্ত ইরান আত্মরক্ষায় দ্বিধাহীনভাবে পদক্ষেপ নেবে ।

*************************

পশ্চিম এশিয়ার উত্তপ্ত পরিস্থিতির প্রেক্ষিতে, ইজরায়েলের ভারতীয় দূতাবাস সেদেশে বসবাসকারী ভারতীয়দের, দূতাবাসের নির্দেশিকা মেনে চলার অনুরোধ জানিয়েছে। সেদেশে অস্থায়ীভাবে বসবাসকারী ভারতীয়দের আগের নির্দেশিকা মেনে চলতে এবং indembassyesrael.gov.in (ইন্ড-এমব্যাসি-ইজরায়েল-ডট-গভ-ডট-ইন) অথবা Indian_national_reg –তে নাম নথিভুক্ত করে যোগাযোগ ও প্রয়োজনীয় সাহায্য চাওয়ার কথা বলা হয়েছে। এক সোশ্যাল মিডিয়া পোস্টে দূতাবাস জানিয়েছে, সেদেশে পর্যটক সহ সমস্ত ভারতীয়দের সঙ্গে তাঁরা নিরন্তর যোগাযোগ রেখে চলেছে। স্বল্প মেয়াদে ব্যবসায়িক প্রয়োজনে আসা মানুষ এবং সাংবাদিকদের সঙ্গেও দূতাবাস যোগাযোগ রাখছে। আপৎকালীন পরিস্থিতির জন্য খোলা হয়েছে ২৪ ঘন্টার হেল্পলাইন। এর নম্বরগুলি হল- ৯৭২৫৪-৭৫২০-৭১১ এবং ৯৭২৫৪-২৪২৮-৩৭৮ । ইমেল করা যেতে পারে, cons1.telaviv@mea.gov.in –এ।

তেহেরানে ভারতীয় দূতাবাস, ইরাণে বসবাসকারী সমস্ত ভারতীয়দের বর্তমান পরিস্থিতির নিরিখে, অত্যন্ত সাবধানে থাকার কথা বলেছে। অপ্রয়োজনীয় যাতায়েত এড়িয়ে চলা, যতদূর সম্ভব ঘরে থাকা, খবরের মাধ্যমে পরিস্থিতি সম্পর্কে জানা এবং

দূতাবাসের পরবর্তী নির্দেশিকার জন্য অপেক্ষা করার অনুরোধ জানানো হয়েছে তাদের। আপৎকালীন চারটি ফোন নাম্বার প্রকাশ করা হয়েছে। এগুলি হলঃ **৯৮৯১২-৮১০৯-১১৫, ৯৮৯১২-৮১০৯-১০৯, ৯৮৯১২-৮১০৯-১০২** এবং **৯৮৯৯৩-২১৭৯-৩৫৯** ।

**আবুধাবি**-র ভারতীয় দূতাবাস, **সংযুক্ত আরব আমিরশাহীতে** বসবাসকারী অপ্রয়োজনীয় যাতায়াত এড়িয়ে যেতে এবং চূড়ান্ত সতর্ক থাকার আবেদন জানিয়েছে। সংযুক্ত আরব আমিরশাহী কর্তৃপক্ষ এবং দূতাবাসের জারি করা নিরাপত্তা সংক্রান্ত নির্দেশিকা অক্ষরে অক্ষরে পালন করার’ও আবেদন জানানো হয়েছে। যেকোনোরকম বিপদে টোল ফ্রি নম্বরঃ- ৮০০-৪৬৩৪২ এ অথবা **৯৭১৫-৪৩০-৯০৫৭১**–এই হোয়াটসঅ্যাপ নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে। ইমেলের মাধ্যমে যোগাযোগ করা যেতে পারে pbsk.dubai@mea.gov.in অথবা ca.abudhabi@mea.gov.in –এ।

**রিয়াধ**-এর ভারতীয় দূতাবাস’ও, **সৌদি আরবে** থাকা ভারতীয়দের, স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশিকা মেনে চলতে এবং সতর্ক থাকতে বলেছে। প্রয়োজনে তারা টোল ফ্রি নম্বরঃ- ৮০০-২৪৭-১২৩৪ –এ যোগাযোগ করতে পারেন।

এর পাশাপাশি **কাতারের দোহা-য়, সিরিয়ার দামাস্কাসে, ইরাকের বাগদাদ**-এর ভারতীয় দূতাবাসগুলিও, সেদেশে বসবাসকারী ভারতীয়দের পশ্চিম এশিয়ার উত্তপ্ত পরিস্থিতিতে চূড়ান্ত সতর্কতা অবলম্বনের এবং স্থানীয় কর্তৃপক্ষের নির্দেশ মেনে চলার আবেদন জানিয়েছে।

এদিকে, **রামাল্লায়** ভারতের প্রতিনিধি দপ্তর, সেদেশে বসবাসকারী ভারতীয়দের, অপ্রয়োজনীয় চলাচল সম্পূর্ণ এড়িয়ে চলতে আবেদন জানিয়েছে।

**কুয়েত, বাহারিন** এবং **জর্ডন**-এর ভারতীয় দূতাবাসগুলি, সেখানে বসবাসকারী ভারতীয়দের এবং পর্যটকদের স্থানীয় প্রশাসনের নির্দেশ মেনে চলা এবং চূড়ান্ত সতর্কতা অবলম্বনের কথা বলেছে।

*************************

পশ্চিম এশিয়ায় উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে, ভারতে বসবাসকারী সমস্ত বিদেশীদের মধ্যে যাদের ভিসার মেয়াদ বাড়ানো অথবা এখানে বসবাস বৈধ করা প্রয়োজন, সেক্ষেত্রে তারা সহায়তা করবে বলে বিদেশ মন্ত্রক এক নির্দেশিকা জারি করে জানিয়েছে। নির্দেশিকায় আরও জানানো হয়েছে, বিদেশীরা আঞ্চলিক বিদেশী নাগরিক নিবন্ধন কার্যালয় FRRO-তে যোগাযোগ করতে পারবে। প্রয়োজনীয় সমস্তরকম সহায়তা ঐ দপ্তরগুলি করবে। প্রয়োজনে তারা FRRO-র ওয়েবসাইট boi.gov.in এর মাধ্যমেও এব্যাপারে বিস্তারিত জানতে পারবে।

*************************

আফগানিস্তানের রাজধানী কাবুলে আজ ভোর প্রায় ৫টা ৪০ মিনিটে পাকিস্তানি বিমান বাহিনী আক্রমণ করে । এই হামলার পরই একাধিক বিস্ফোরণের শব্দ শোনা যায় এবং আফগান বিমান প্রতিরক্ষা বাহিনী আকাশপথে লক্ষ্যবস্তুর উদ্দেশ্যে পাল্টা গুলি চালায়। প্রায় ২০ মিনিট ধরে এই বিমান হামলা চলে। আফগান কর্তৃপক্ষ অভিযোগ করেছে, পাকিস্তানি বিমান হাণায় সাধারণ মানুষের প্রাণহানি হয়েছে। ইসলামাবাদ এ বিষয়ে এখনো কোনো মন্তব্য করেনি।

*************************

নাগপুরের রাউলগাঁওতে SBL Energy Limited এর কারখানায় বিরাট বিস্ফোরণে অন্তত পক্ষে ১৭ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবিস আজ এই তথ্য সমাজ মাধ্যমে জানিয়েছেন। বিস্ফোরণে আরও ১৮ জন শ্রমিক আহত হয়েছেন। জাতীয় ও রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী উদ্ধার কাজ চালাচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মৃতদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানান এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।তিনি মৃতদের পরিবারের জন্য ২লক্ষ টাকা আর্থিক সাহায্যের কথা ঘোষণা করেছেন।

অপরদিকে,মৃতদের পরিবারকে এককালীন ৫ লক্ষ টাকা আর্থিক সাহায্যের কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী।

*************************

ইডেনে আজ টি -২০ ক্রিকেট বিশ্বকাপের সুপার এইটের গুরুত্বপূর্ণ ম্যাচে ভারত, ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা ৭টায়। এই ম্যাচে যে দল জিতবে সেই দল সেমিফাইনালে পৌঁছবে।

এদিকে, ক্রিকেটপ্রেমীদের সুবিধার্থে আজ ভারত ওয়েস্ট ইন্ডিজ ম্যাচের পর মেট্রো রেল এক জোড়া বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ওই দিন রাত **১১-১৫** মিনিটে একটি ট্রেন ধর্মতলা থেকে দক্ষিণেশ্বর এবং অপর ট্রেনটি একই সময় শহীদ ক্ষুদিরামের দিকে ছেড়ে যাবে বলে মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

এই বিশেষ ট্রেনের জন্য শুধুমাত্র ধর্মতলা স্টেশনের টিকিট কাউন্টার খোলা থাকবে।

*****************************************************************